মেহেরপুরে জাতীয় আইনগত সহায়তা দিবস পালিত

জাতীয় আইনগত সহায়তা দিবস উপলক্ষে মেহেরপুরে আলোচনা সভা ও বর্ণাঢ্য র্যালি অনুষ্ঠিত হয়েছে। আজ মঙ্গলবার সকালে মেহেরপুর জেলা ও দায়রা জজ আদালত প্রাঙ্গণে এ কর্মসূচির আয়োজন করা হয়।

জেলা লিগ্যাল এইড কমিটির চেয়ারম্যান ও জেলা ও দায়রা জজ মো. গোলাম কবিরের সভাপতিত্বে অনুষ্ঠিত আলোচনা সভায় বক্তব্য রাখেন নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনালের বিচারক আলী মাসুদ শেখ, পারিবারিক আপিল আদালতের বিচারক মো. কেরামত আলী, শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনালের বিচারক মো. তাজুল ইসলাম, চিফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট ইমদাদুল হক, পুলিশ সুপার উজ্জ্বল কুমার রায়, অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট তাজওয়ার আকরাম শাখাপি ইবনে সাজ্জাদ, জেলা লিগ্যাল এইড অফিসার লাবনী সুলতানা, জেলা আইনজীবী সমিতির সভাপতি অ্যাডভোকেট মারুফ আহমেদ বিজন, সুবিধাভোগী বেগম আলিয়া খাতুন ও শাকিল আহমেদ প্রমুখ। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন সিনিয়র সহকারী জজ (সদর) মো. মাসুদ রানা।

এর আগে দিবসটি উপলক্ষে সকালে একটি বর্ণাঢ্য র্যালি বের করা হয়। জেলা ও দায়রা জজ মো. গোলাম কবিরের নেতৃত্বে র্যালিটি আদালত প্রাঙ্গণ থেকে বের হয়ে শহরের প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে একই স্থানে এসে শেষ হয়।

পরে শান্তির প্রতীক হিসেবে পায়রা ও বেলুন উড়িয়ে দিবসের উদ্বোধন করা হয়। এছাড়া দিবসটি উপলক্ষে আইনজীবী প্যানেলের সদস্য এ কে এম জিল্লুর রহমান ও রুত সোভা মণ্ডলকে সম্মাননা স্মারক প্রদান করা হয়।

ঝিনাইদহে জাতীয় আইনগত সহায়তা দিবস পালিত

বর্ণাঢ্য শোভাযাত্রা, আলোচনা সভা সহ নানা আয়োজনের মধ্য দিয়ে ঝিনাইদহে জাতীয় আইনগত সহায়তা দিবস পালিত হয়েছে। দিনব্যাপী আয়োজনে জেলা ও দায়রা জজ আদালতের সকল বিচারক, আইনজীবী, কর্মকর্তা-কর্মচারী, আইনজীবী সহকারী সহ নানা শ্রেণি পেশার মানুষ অংশ নেন।

সোমবার সকাল ৯টায় জেলা দায়রা জজ আদালত প্রাঙ্গণে দিবসের কর্মসূচি শুরু হয়। এসময় জেলা ও দায়রা জজ মো. এমরান হোসেন চৌধুরী ও জেলা প্রশাসক মোহাম্মদ আবদুল আওয়াল শান্তির প্রতীক পায়রা উড়িয়ে দিবসের উদ্বোধন করেন।

উদ্বোধন শেষে একটি বর্ণাঢ্য শোভাযাত্রা বের হয়। শোভাযাত্রাটি ঝিনাইদহ-চুয়াডাঙ্গা সড়ক প্রদক্ষিণ করে আদালত চত্বরে এসে শেষ হয়।

শোভাযাত্রায় জেলা প্রশাসক মো. আব্দুল আওয়াল, জেলা লিগ্যাল এইডের চেয়ারম্যান ও সিনিয়র জেলা ও দায়রা জজ এমরান হোসেন চৌধুরী, পিপি এস এম মশিয়ূর রহমান, অতিরিক্ত পুলিশ সুপার ইমরান জাকারিয়া, জেলা আইনজীবী সমিতির সভাপতি কাজী একরামুল হক আলম, সাধারণ সম্পাদক অ্যাডভোকেট আব্দুর রশিদ বিশ্বাস, নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনালের পাবলিক প্রসিকিউটর অ্যাডভোকেট ইশারত হোসেন খোকনসহ সংশ্লিষ্ট নানা পেশার মানুষ অংশ গ্রহন করেন।

র্যালি শেষে জেলা আইনজীবী সমিতির কার্যালয় চত্বরে আলোচনা সভার আয়োজন করা হয়। সভায় বক্তারা বিনামূল্যে আইনগত সহায়তার গুরুত্ব ও প্রয়োজনীয়তা তুলে ধরেন। সভায় সাধারণ জনগণের মধ্যে সরকারি খরচে ও অসহায় বিচারপ্রার্থীদের লিগ্যাল এইড সেবা প্রদানের নানা দিক নিয়ে আলোচনা করেন বক্তারা।

বাংলাদেশের প্রতিটি মানুষ আইনের সমান আশ্রয় লাভ করবে-জেলা জজ

মেহেরপুর জেলা লিগ্যাল এইড কমিটির চেয়ারম্যান এবং জেলা ও দায়রা জজ (ভারপ্রাপ্ত) নূর নবী বলেছেন, বাংলাদেশের প্রতিটি মানুষ আইনের সমান আশ্রয় লাভ করবে এবং ন্যায়বিচার সহজলভ্য হবে। তিনি বলেন, আইনগত সহায়তার মাধ্যমে দরিদ্র ও সুবিধাবঞ্চিত জনগণের জন্য ন্যায়বিচারের পথ উন্মুক্ত হয়েছে। এ উদ্দেশ্যেই ২০০০ সালে জাতীয় আইনগত সহায়তা প্রদান আইন প্রণয়ন করা হয় এবং এর আলোকে বিনামূল্যে আইনগত সহায়তা প্রদানের জন্য জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা কাজ করে যাচ্ছে।

সোমবার সকালে জেলা জজ আদালত প্রাঙ্গণে জাতীয় আইনগত সহায়তা দিবস উপলক্ষে আয়োজিত আলোচনা সভায় সভাপতির বক্তব্যে তিনি এসব কথা বলেন।

নূর নবী আরও বলেন, “বিচারপ্রাপ্তির অধিকার নিশ্চিত করতে মেহেরপুর জেলা ও উপজেলা পর্যায়ে নিয়মিতভাবে আইনগত সহায়তা কার্যক্রম পরিচালিত হচ্ছে। দেশের প্রত্যন্ত অঞ্চলের মানুষের জন্য বিনামূল্যে মামলা দায়ের, মামলা পরিচালনা, পরামর্শ প্রদানসহ নানামুখী সেবা দেয়া হচ্ছে। এই উদ্যোগের সফল বাস্তবায়নে বিচারক, আইনজীবী, প্রশাসনিক কর্মকর্তা এবং সচেতন নাগরিকদের সমন্বিত প্রচেষ্টা অপরিহার্য। আমরা চাই, ন্যায়বিচারে যেন কারও বিঘ্ন না ঘটে এবং আর্থিক দৈন্যতা যেন কাউকে তার অধিকার থেকে বঞ্চিত না করে। ন্যায়বিচারে সহজ প্রবেশ এবং ন্যায্যতায় সমান সুযোগ তৈরিতে আমরা সম্মিলিতভাবে কাজ করবো। এতে করে আমাদের কাঙ্ক্ষিত ন্যায়ভিত্তিক সমাজ প্রতিষ্ঠা সম্ভব হবে।”

জেলা লিগাল এইড অফিসার ও সিনিয়র সহকারী জজ মাসুদ রানার সঞ্চালনায় অন্যদের মধ্যে বক্তব্য দেন জেলা নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইবুনালের বিচারক তহিদুল ইসলাম, জেলা ম্যাজিস্ট্রেট সিফাত মেহনাজ, অতিরিক্ত পুলিশ সুপার জামিলুর রহমান খান, চিফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট শাহজাহান আলী, জেলা বার অ্যাসোসিয়েশনের সভাপতি অ্যাডভোকেট মারুফ আহমেদ বিজন এবং পাবলিক প্রসিকিউটর সাইদুর

রাজ্জাক টোটন।

আলোচনা সভার আগে এক বর্ণাঢ্য র্যালির আয়োজন করা হয়। র্যালিতে জেলার বিভিন্ন সরকারি দপ্তরের কর্মকর্তা-কর্মচারী, আইনজীবী, শিক্ষার্থী ও সুধীজন অংশগ্রহণ করেন। ব্যানার, ফেস্টুন ও প্ল্যাকার্ড হাতে নিয়ে তারা আইনি সহায়তা সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধির বার্তা ছড়িয়ে দেন।

অনুষ্ঠানে লিগ্যাল এইড আইনজীবী প্যানেলের সেরা আইনজীবী নির্বাচিত হওয়ায় রুতশোভা মণ্ডলকে সম্মাননা প্রদান করা হয়। এর মধ্য দিয়ে অনুষ্ঠানটি শেষ হয়।

এবার দিবসটির মূল প্রতিপাদ্য ছিল “দ্বন্দ্বে কোন আনন্দ নাই, আপস কর ভাই; লিগ্যাল এইড আশেপাশে, কোন চিন্তা নাই।”